

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০১.৩৭.১৭০.২২. ২২৫৫

তারিখ: ০৬/০৭/২০২৩ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর ০২/০৭/২০২৩ খ্রি. তারিখের স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১ এর মাধ্যমে প্রাপ্ত ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/ত্রাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ সংক্রান্ত পত্রটি নিম্নবর্ণিত কার্যালয়সমূহে আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো।

- ১। সিজিএ মূল কার্যালয়ের কর্মকর্তা (সকল)।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
- ৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৬। অফিস কপি।

M. Hossain 06/07/23

(মানিক হোসেন)

উপহিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)

ফোন: ০২-২২২২২০৫৪৯।

M/স্ব
০৬/০৭/১৬

পি/১৭

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০৯.২০২২-০১

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩০
০২ জুলাই ২০২৩

পরিপত্র

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ।

চলমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃষ্ণ সাধনের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) চলতি ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

- (১) '৩২১১১১৩-বিদ্যুৎ' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫%;
- (২) '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০%;
- (৩) '৪১১১১০১-আবাসিক ভবন', '৪১১১২০১-অনাবাসিক ভবন', এবং '৪১১১৩১৭-অন্যান্য ভবন ও স্থাপনা' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;
- (৪) '৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান' ও '৪১১২১০৩-আকাশযান' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। তবে, ১০ বছরের অধিক পুরোনো মোটরযান প্রতিস্থাপনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে; এবং
- (৫) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে।

(খ) চলতি ২০২৩-২৪ অর্থবছরে উন্নয়ন বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

- (১) '৩২১১১১৩-বিদ্যুৎ' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫%;
- (২) '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০%;
- (৩) সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে; এবং
- (৪) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

(গ) চলতি ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সকল প্রকার বৈদেশিক ভ্রমণ/ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণ বন্ধ থাকবে। তবে অত্যাবশ্যকীয় বিবেচনায় নিম্নলিখিত উদ্দেশ্যে সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদেশ ভ্রমণ করা যাবেঃ

- (১) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা/বিশ্ববিদ্যালয়/দেশ কর্তৃক প্রদত্ত স্কলারশীপ/ফেলোশীপ-এর আওতায় বৈদেশিক অর্থায়নে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়ন;
- (২) বিদেশী সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগীর আমন্ত্রণে ও সম্পূর্ণ অর্থায়নে আয়োজিত বৈদেশিক প্রশিক্ষণ; এবং
- (৩) সরবরাহকারী/টিকাদার/পরামর্শক প্রতিষ্ঠানের অর্থায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তাগণ কর্তৃক সেবা/পণ্যের গুনগত মান নিরীক্ষা/পরিদর্শন।

২। উপরের (ক) এবং (খ) অনুচ্ছেদে বর্ণিত, খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে এবং অন্য কোনো খাত হতে এসব খাতে পুনঃউপযোজন করা যাবে না।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

১২.৭.২০২৩
(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব

৯৫১৪১৪৬

ই-মেইলঃ anism321@finance.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা